Total No. of Printed Pages—8

**HS/XII/A/b/19**

**2019**

**BENGALI ( ELECTIVE )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A (Objective Questions) serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে কোনো **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ‘‘কনক-আসনে বসি
দশানন _____ ।’’

( বীর / রাজা / বলী )

(খ) ‘‘সাহেবরা ______ মারিতে যান, তাহারও ইতিহাস
লিখিত হয়, কিন্তু বাংলার ইতিহাস নাই।’’

( পশু / পাখী / পতঙ্গ )

(গ) ‘‘মালাধর বসু ______ গ্রাম নিবাসী ছিলেন।’’

( কুলীন / ফুলিয়া / সিঙ্গি )

(ঘ) ‘‘আজ রাত্রে আমি রামচন্দ্র রায়ের ছিন্ন ______ দেখতে চাই।’’

( শির / মুণ্ড / মস্তক )

(ঙ) ‘‘বঙ্কিমচন্দ্র বলেছেন, সকল অলংকারের শ্রেষ্ঠ অলংকার ______ ।’’

( উপমা / সরলতা / জটিলতা )

(চ) (ভারতবর্ষে) ‘‘পাঠানেরা ______ বৎসর রাজত্ব করিয়াছিলেন।’’

( ২৭৩ / ৪৭২ / ৩৭২ )

(ছ) ‘‘ ‘চর্যাপদ’ গ্রন্থটি ______ বঙ্গাব্দে আবিষ্কৃত হয়।’’

( ১২২৩ / ১৩২৩ / ১৪২৩ )

(জ) ‘‘হয়তো দেখিবে চেয়ে ______ উড়িতেছে
সন্ধ্যার বাতাসে।’’

( শঙ্খচিল / লক্ষ্মী পেঁচা / সুদর্শন )

২। সত্য *অথবা* মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে কোনো **দশটি**) : ১×১০=১০

(ক) ‘প্রশ্ন’ কবিতার কবি চণ্ডীদাস।

(খ) বিদ্যাপতি মৈথিলী কবি ছিলেন।

(গ) বিভা প্রতাপাদিত্যের কন্যা।

(ঘ) বঙ্কিমচন্দ্র ‘বাংলার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধে ২০টি নির্দেশ দিয়েছেন।

(ঙ) ‘কালকেতু ফুল্লরা’ কাহিনী ‘ধর্মমঙ্গল’ কাব্যের অন্তর্গত।

(চ) ''বাঙ্গালার ঐশ্বর্য দিল্লীর পথে গিয়াছে; সে পথে বাঙ্গালার ধন ইরাণ তুরাণ পর্যন্ত গিয়াছে।''
উপরের উদ্ধৃতিটি 'বাংলার ইতিহাস' প্রবন্ধের অন্তর্গত।

(ছ) মহারাজ কবি রামপ্রসাদকে 'কবিরঞ্জন' উপাধিতে সম্মানিত করেন।

(জ) 'পাদুকা গ্রহণ' কবিতার লেখক চণ্ডীদাস।

(ঝ) 'সতীশূন্য কৈলাস' কবিতাটি সনেট পর্যায়ের।

(ঞ) 'অন্নদার আত্মপরিচয় ও ভবানন্দ ভবনে গমন' কবিতায় কবি দ্ব্যর্থবোধক ভাষার ব্যবহার করেছেন।

(ট) 'প্রায়শ্চিত্ত' নাটকখানি রবীন্দ্রনাথ ঠাকুরের 'বউ ঠাকুরাণীর হাট' উপন্যাসের নাট্যরূপ।

(ঠ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'অনুকরণ' একটি উপন্যাস।

(ড) ধনঞ্জয় বৈরাগী যশোহরের রাজা।

৩। সঠিক বিকল্পটি বেছে নিয়ে উত্তর লেখ (যে কোনো **দশটি**) : ১×১০=১০

(ক) ভারতচন্দ্র রায় কার আদেশে 'অন্নদামঙ্গল' কাব্য রচনা করেন?
( রাজা রামকৃষ্ণের / রাজা হরিশচন্দ্রের / রাজা কৃষ্ণচন্দ্রের )

(খ) 'বৈষ্ণব পদাবলী'র প্রথম পদকর্তা কে?
( বিদ্যাপতি / জয়দেব / চণ্ডীদাস )

(গ) আরাকান রাজসভায় প্রথম সংবর্ধিত কবি কে?
( সৈয়দ আলাওল / লালন / দৌলত কাজী )

(ঘ) ‘‘বামা জাতি স্বভাবতঃ বামা বুদ্ধি ধরে।’’

এখানে ‘বামা জাতি’ কাদেরকে বোঝানো হয়েছে?

( রাজমহিষীদের / বৃদ্ধাদের / স্ত্রীলোকদের )

(ঙ) রাবণের সভায় উপস্থিত ভগ্নদূতের নাম কি?

( সারণ / দশানন / মকরাক্ষ )

(চ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে বামী কে?

( প্রতাপকন্যার পরিচারিকা / সুরমার পরিচারিকা / প্রতাপমহিষীর পরিচারিকা )

(ছ) ‘‘রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, পুত্র জন্মায় না।’’ উক্তিটি কার?

( বসন্তরায়ের / ধনঞ্জয়ের / উদয়াদিত্যের )

(জ) ‘বিবিধ প্রবন্ধ’-এর রচয়িতা কে?

( রবীন্দ্রনাথ / বঙ্কিমচন্দ্র / শরৎচন্দ্র )

(ঝ) ‘‘অর্ধেক রাজত্ব প্রজার নয়তো কী?’’ কার উক্তি?

( রামচন্দ্র / ধনঞ্জয় / বসন্তরায় )

(ঞ) ‘অনুকরণ’ নামক প্রবন্ধটি কোন্ মূল গ্রন্থের অন্তর্গত?

( বিবিধ প্রবন্ধ / দত্তা / প্রায়শ্চিত্ত )

(ট) ‘মনসামঙ্গল’-এর লখিন্দরের স্ত্রীর নাম কি?

( বেহুলা / মেনকা / ফুল্লরা )

(ঠ) ‘‘যে মোরে আপন ভাবে তারি ঘরে যাই।’’ বক্তা কে?

( দেবী চণ্ডী / ঈশ্বরী পাটনী / দেবী অন্নপূর্ণা )

## SECTION—II

( *Marks* : 25 )

৪। যে কোনো **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫×৫=২৫

(ক) ''যদি মনে এমন বুঝিতে পারেন যে, লিখিয়া দেশের বা মনুষ্যজাতির কিছু মঙ্গল করিতে পারেন, অথবা সৌন্দর্য সৃষ্টি করিতে পারেন তবে অবশ্য লিখিবেন।'' কে, কাদেরকে এই উপদেশ দিয়েছেন? কোন্ প্রবন্ধের অন্তর্গত এবং উক্তিটি সংক্ষেপে বুঝিয়ে দাও। ২+৩=৫

(খ) 'মহাভারত' কে বাংলায় অনুবাদ করেন এবং সংস্কৃতে 'মহাভারত' কে রচনা করেন? সংক্ষেপে গ্রন্থটির (বাংলা) পরিচয় দাও। ২+৩=৫

(গ) উদয়াদিত্য কে? তিনি কোন্ নাটকের চরিত্র? চরিত্রটির পরিচয় দুই-তিন লাইনে লেখ। ২+৩=৫

(ঘ) 'প্রায়শ্চিত্ত' নাটকের পাঁচটি অপ্রধান চরিত্রের নাম লেখ। ৫

(ঙ) 'চর্যাপদ' কি? এর ভাষাকে কি ভাষা বলা হয়? এটি কবে, কে, কোথা থেকে আবিষ্কার করেন? ২+৩=৫

(চ) ''তমশ্চন্ন দিগাকাশ কেবলি করে উল্লাস
নীলকণ্ঠ-কণ্ঠের গরল।''

উপরোক্ত লাইনগুলি কোন্ কবিতার অন্তর্গত, কবির নাম কি? 'নীলকণ্ঠ-কণ্ঠের গরল' বলতে কি বোঝানো হয়েছে? ২+৩=৫

(ছ) তোমার পঠিত 'পূর্বরাগ' পদাবলীটি কার রচিত এবং কোন্ গ্রন্থের অন্তর্গত? 'পূর্বরাগ' বলতে কি বোঝ? ২+৩=৫

(জ) 'প্রায়শ্চিত্ত' নাটকানুসারে পরস্পরের সম্পর্ক নির্ণয় কর : ৫

*(i)* প্রতাপাদিত্য এবং বিভা

*(ii)* প্রতাপাদিত্য এবং উদয়াদিত্য

*(iii)* সুরমা এবং উদয়াদিত্য

*(iv)* প্রতাপাদিত্য এবং বসন্তরায়

*(v)* বিভা এবং রামচন্দ্র রায়

## ( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। যে কোনো **একটি** অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : ৮

(ক) ''সিংহাসন শূন্য আছে ভয় হয় মনে।
কোন্ শত্রু আপদ্ ঘটায় কোন্ ক্ষণে॥''

(খ) ''সই, কেবা শুনাইল শ্যাম-নাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ।''

(গ) ''একাকার হেথা অখিল ধর্ম,
টুটি' বিচারের কঠিন বর্ম—
সব ব্যবধান ডুবে গেছে ওই পাবন সলিলাবর্তে।''

(ঘ) ''ধনঞ্জয়—আমাদের ক্ষুধার অন্ন তোমার নয়। যিনি আমাদের প্রাণ দিয়েছেন এ অন্ন যে তাঁর, এ আমি তোমাকে দিই কী বলে।''

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধটির মর্মার্থ নিজের ভাষায় লেখ। ১০

(খ) পাঠান কারা? পাঠান যুগ এ দেশে কতদিন ছিল? তাদের সঙ্গে বাংলার ইতিহাসের কি যোগ? 'বাংলার ইতিহাস' প্রবন্ধ অনুসারে সংক্ষেপে লেখ। ২+৪+৪=১০

(গ) বঙ্কিমচন্দ্র কেন ''লেখাকে সঙ্গে সঙ্গে না ছাপাইয়া দীর্ঘকাল ফেলিয়া রাখিতে বলিয়াছেন''? তোমার অভিমত বিশ্লেষণ করে যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। অলংকার প্রয়োগের ক্ষেত্রে লেখক কি উপদেশ দিয়েছেন তা লেখ। ১০

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''গ্রামবাংলার প্রকৃতির রূপ-রস-শব্দ-গন্ধ-স্পর্শের সহিত কবির যেন সুনিবিড় একাত্মতা গড়িয়া উঠিয়াছে, তাহা মধুর : কবি জন্মান্তরে এই গ্রাম বাংলায় ফিরিয়া আসিতে চান।'' 'আবার আসিব ফিরে' কি ধরনের কবিতা? কবির নাম কী? কবির গ্রাম বাংলার প্রকৃতি-প্রীতির স্বরূপটি বর্ণনা কর। ২+৮=১০

(খ) 'সতীশূন্য কৈলাস' কবিতাটির বিষয়বস্তু বিবৃত করে এর নামকরণের সার্থকতা বিচার কর। ১০

(গ) 'প্রশ্ন' কবিতাটিতে কবি কাকে প্রশ্ন করেছেন? এরূপ প্রশ্ন করার কারণ কি? কোন্ কোন্ বিষয়ের উল্লেখ করে কবি প্রশ্ন করেছেন তা আলোচনা কর। ৩+৭=১০

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''তলোয়ারে শত্রুকে জয় করা যায়, কিন্তু সংগীতে শত্রুকে মিত্র করা যায়।'' উক্তিটি কার, কোন্ নাটকের অন্তর্গত? কোন্ প্রসঙ্গে এই উক্তিটি বক্তা করেছেন? সংক্ষেপে উক্তিটির সার্থকতা বিশ্লেষণ কর। ২+৩+৫=১০

(খ) বিভা *অথবা* সুরমা যে কোনো একজনের চরিত্র বিশ্লেষণ কর। ১০

(গ) ''মহারাজ, রমাইয়ের হাসি গন্ধকের আলোর মতো, তার ধোঁয়ায় দম আটকে আসে।'' উক্তিটি কার এবং নাটকে তাঁর পরিচয় কি? তিনি কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছেন এবং কেন? নাটকে রমাই কে, তাঁর সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৩+৫=১০

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+৯=১২

(খ) মঙ্গল কাব্যের নামের 'মঙ্গল' শব্দের তাৎপর্য কি? কয়টি প্রধান ধারায় মঙ্গল কাব্য বিভক্ত, ধারাগুলির নাম লেখ। 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? 'চণ্ডীমঙ্গল' কাব্যে কয়টি উপাখ্যান আছে, সেগুলির নাম লেখ। দুই-তিনটি লাইনে উপাখ্যানগুলির পরিচয় দাও। ৩+৩+৩+৩=১২

(গ) 'শাক্ত পদাবলী'র শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি কোন্ শতাব্দীর পদকর্তা? 'শাক্ত পদাবলী' কটি ধারায় বিভক্ত এবং কি কি? এগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২+৮=১২

★★★